

## আমি এবং রাই

তোমার কাছে যাবো যাবো সূর্য অস্তাচলে  
তোমার কাছে যাবো যাবো চাঁদ উঠল জুলে  
তোমার কাছে যাবো যাবো চাঁদও গেল ঢলে  
তোমার কাছে যাবো যাবো বৃষ্টি এল বলে

বৃষ্টি এল বৃষ্টি এল উধাও রাস্তাঘাট  
বৃষ্টি এল বৃষ্টি এল দরজা খোলা হাট  
বৃষ্টি এল হীরের ছটা পদ্মপাতায় জুলে  
বৃষ্টি এল কান সেজেছে মুন্তোদানা দুলে

এই এখানে বৃষ্টি ছিল নেই এখানে আর  
বৃষ্টি এখন বিদেশিনী সাত সমুদ্র পার  
বৃষ্টিরও তো দৃষ্টি ছিল হাওয়ায় ছিল গন্ধ  
রোদের সাথে মেঘের আড়ি সিংহদূয়ার বন্ধ

একটা কেবল চাঁদের রাত বিসমিল্লার সানাই  
একটা শুধু বৃষ্টি সন্ধা রাঙা জলের খোয়াই  
একটা মাত্র শীতের ভোর আমি এবং রাই এক চিলতে আকাশ ছিল তাও এখন  
নাই।

তমালিকা পাণ্ডাশেঠ

